

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৯৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১০৫. কেউ খুঁটি, বা অনুরূপ কিছু সামনে রেখে সালাতে দাঁড়ালে তা কোথায় রাখবে?

باب إِذَا صلَّى إِلَى سَارِيَةٍ أَوْ نَحْوِهَا أَيْنَ يَجْعَلُهَا مِنْهُ

আরবী

حَدَّثَنَا مَحْمُودُ بْنُ خَالِدٍ الدِّمَشْقِيُّ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَيَّاشٍ، حَدَّثَنَا أَبُو عُبَيْدَةَ الْوَلِيدُ بْنُ كَامِلٍ، عَنِ الْمُهَلَّبِ بْنِ حُجْرٍ الْبَهْرَانِيِّ، عَنْ ضُبُاعَةَ بِنْتِ الْمِقْدَادِ بْنِ الأَسْوَدِ، عَنْ أَبِيهَا، كَامِلٍ، عَنِ الْمُهَلَّبِ بْنِ حُجْرٍ الْبَهْرَانِيِّ، عَنْ ضُبُاعَةَ بِنْتِ الْمِقْدَادِ بْنِ الأَسْوَدِ، عَنْ أَبِيهَا، قَالَ مَا رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يُصلِي إلَى عُودٍ وَلَا عَمُودٍ وَلَا شَجَرَةٍ إِلَّا جَعَلَهُ عَلَى حَاجِبِهِ الأَيْمَنِ أَوِ الأَيْسَرِ وَلَا يَصِمْدُ لَهُ صَمْدًا .

_ ضعيف: المشكاة ٧٨٣

বাংলা

৬৯৩। দুবা'আহ বিনতু মিরুদাদ ইবনুল আসওয়াদ হতে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি (মিরুদাদ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি, তিনি (সুতরাহ হিসেবে) কোন লাকড়ি, স্তম্ভ বা গাছের দিকে ফিরে সালাত আদায় করলে ওগুলোকে নিজের ডান অথবা বাম পাশে রাখতেন, দু' চোখের ঠিক মাঝ বরাবর রাখতেন না।[1]

দুর্বল : মিশকাত ৭৮৩।

English

Narrated Al-Migdad ibn al-Aswad:

I never saw the Messenger of Allah (ﷺ) praying in front of a stick, a pillar, or a tree, without having it opposite his right or left eyebrow, and not facing it directly.



ফুটনোট

[1] আহমাদ (৬/৪) এর সনদে আবূ উবাইদাহ ওয়ালীদ ইবনু কামিল রয়েছে। ইবনু হিবান তাকে সিক্কাহ বলেছেন। হাফিয বলেন, তিনি হাদীস বর্ণনায় শিথিল। ইমাম বুখারী বলেন, তার নিকট আশ্চর্যকর বস্তু আছে। আল্লামা মুন্যিরী বলেন, তার ব্যাপারে সমালোচনা আছে। এছাড়া সনদে মুহাল্লাব ইবনু হুজর অজ্ঞাত এবং যুবা'আহ বিনতু মিক্কদাদকে চেনা যায়নি। অনুরূপ রয়েছে 'আত-তাক্করীব' গ্রন্থে। ইবনু কান্তান বলেন, সনদে উক্ত তিনজন বর্ণনাকারীই অজ্ঞাত। 'আব্দুল হাক্ক বলেন এর সনদ মজবুত নয়।

মিশকাতের তাহকীকে শায়খ আলবানী (রহঃ) বলেনঃ সনদটি দুর্বল। সনদে একজন দুর্বল ও একজন অজ্ঞাত লোক রয়েছে। অতঃপর এর সনদ ও মাতান মুযতারিব (উলটপালট)। একদল একে দুর্বল বলেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন